বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100
"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৬৪ তারিখঃ ১৬ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
২৯ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭৮৯ তম কমিশন সভা অদ্য ২৯/০৮/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, Al-Arafah Islami Bank Limited এর ৫০০ (পাঁচশত) কোটি টাকার Unsecured, Contingent-Convertible, Floating Rate, Mudaraba Perpetual Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। বন্ডটির ৪৫০ (চারশত পঞ্চাশ) কোটি টাকা প্রাইভেট প্লেসমেন্ট এবং অবশিষ্ট ৫০ (পঞ্চাশ) কোটি টাকা পাবলিক অফার এর মাধ্যমে ইস্যু করা হবে। বন্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা। বন্ডটির কুপন হার ৬% (Floor) থেকে ১০% (Ceiling) যা আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়্যাল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, আঞ্চলিক রুরাল ব্যাংক, ট্রাষ্ট, সংগঠন, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারী এবং সাধারণ বিনিয়োগকারীদের অনুকূলে ইস্যু করা হবে।

উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে Al-Arafah Islami Bank Limited এর Additional Tier-1 মূলধনের ভিত্তি শক্তিশালী করবে। প্রাইভেট প্লেসমেন্টের ক্ষেত্রে এই বন্ডের ন্যুনতম সাবস্ক্রিপশন ৫০,০০০,০০০/- (পাঁচ কোটি) টাকা এবং পাবলিক অফারের ক্ষেত্রে সাধারণ বিনিয়োগকারীদের জন্য এই বন্ডের ন্যুনতম সাবস্ক্রিপশন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করবে MTB Capital Limited, Arranger ও Issue Manager হিসাবে কাজ করছে Prime Bank Investment Limited ও UCB Investment Limited এবং Underwriter হিসাবে দায়িত্ব পালন করবে Islami Bank Capital Management Limited.

০২. কমিশন অদ্যকার সভায়, ICB Securities Trading Company Ltd (DSE TREC No. 129) কর্তৃক একই তালিকাভুক্ত ব্যাংকে একের অধিক সমন্বিত গ্রাহক হিসাবে পরিচালিত, কোম্পানির একক গ্রাহকদের নামে একের অধিক স্বতন্ত্র ও জয়েন্ট বি.ও. হিসাব পরিচালনা, কোম্পানি তার গ্রাহকদের মার্জিন চুক্তিপত্র না থাকা সত্ত্বেও নগদ হিসাবে ঋণ সুবিধা প্রদান এবং কোম্পানি তার গ্রাহকদের সিকিউরিটিজ যথাযথভাবে রেকর্ড না রাখা আইন ভঙ্গ করে। বিভিন্ন সিকিউরিটিজ আইন ভঙ্গ ও সংঘটিত সকল অনিয়ম আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে সমন্বয় করে কমিশনকে অবহিত করার নির্দেশ প্রদান করা হয়। উল্লিখিত সময়ের মধ্যে সংঘটিত সকল অনিয়ম সমন্বয় করতে ব্যর্থ হলে ICB Securities Trading Company Ltd-কে ৫.০০ কোটি টাকা জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যর্থতা অব্যাহত থাকলে অনুরূপ অব্যাহত থাকাকালীন প্রতিদিনের জন্য অতিরিক্ত দশ হাজার টাকা অর্থদন্ডে দান্ডিত করার সিদ্ধান্তও গৃহীত হয়।

০৩. কমিশন অদ্যকার সভায়, Be Rich Limited (CSE এর TREC Holder) কে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭ এর আওতায় বাজার সৃষ্টিকারী (Market Maker) হিসেবে নিবন্ধন সনদ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।



সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd

০৪. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি 'GM Equity 1st Mutual Fund (Open-end)'-এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'জিএম ইক্যুইটি লিমিটেড' ০১ কোটি টাকা প্রদান করবে এবং বাকি ০৯ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হলো জিএম ইক্যুইটি লিমিটেড। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড' এবং 'ব্রাক ব্যাংক লিমিটেড'।

29-08-2021

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd